# ছাত্রলীগে যে কোনো সময় যে কোনো সিদ্ধান্ত

**প্রধানমন্ত্রীর বৈরী মনোভাব কাটেনি**

**নিজস্ব প্রতিবেদক** ●

ছাত্রলীগের শোভন-রাব্বানী কমিটির ওপর প্রচণ্ড ক্ষুব্ধ প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গত শনিবারের পর থেকে এখন পর্যন্ত ছাত্রলীগ ইস্যুতে অনমনীয় মনোভাবেই রয়েছেন সংগঠনটির অভিভাবক আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। দলের শীর্ষ নেতারা বলছেন, শনিবার রাতের ঘটনার পর থেকে দলের সিনিয়র নেতাদের কয়েকজন বিভিন্নভাবে চেষ্টা চালিয়েছেন প্রধানমন্ত্রীর মনোভাবের পরিবর্তন করতে। কিন্তু তার অবস্থানের কোনো পরিবর্তন হয়নি। এমন পরিস্থিতিতে বর্তমান কমিটি বিলুপ্ত করে আগাম সম্মেলন অথবা শোভন-রাব্বানীকে অব্যাহতি দিতে পারেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আবার এমনও হতে পারে তাদের ক্ষমা করে দিতে পারেন তিনি। অর্থাৎ ছাত্রলীগের বিষয়ে যে কোনো সময় যে কোনো সিদ্ধান্ত আসতে পারে।

ছাত্রলীগের সভাপতি রেজওয়ানুল হক চৌধুরী শোভন ও সাধারণ সম্পাদক গোলাম রাব্বানী এ বিষয়ে আমাদের সময়কে বলেন, রবিবার রাতে গণভবনে গিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন তারা। সংসদ থেকে ফেরার সময় সালাম দেন; কিন্তু কোনো কথা হয়নি।

গণভবন সূত্রে জানা গেছে, গতকাল সোমবার সকালেও গণভবনে যান শোভন ও রাব্বানী। এ সময়ও তাদের সঙ্গে কোনো কথা বলেননি প্রধানমন্ত্রী। ছাত্রলীগের দুই শীর্ষ নেতাকে দেখেও না দেখার ভান করে চলে যান আওয়ামী লীগ সভাপতি। গতকাল সোমবার আওয়ামী লীগের ■ এরপর পৃষ্ঠা ১১, কলাম ২

শেয়ার

পরের অংশ